# বাংলাদেশ পুলিশের নতুন আইজিপি আলী হোসেন ফকির



আইজিপি আলী হোসেন ফকির। ছবি: সংগৃহীত

সরকার বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) পদে আলী হোসেন ফকিরকে নিয়োগ দিয়েছে। এতদিন তিনি অতিরিক্ত আইজিপি হিসেবে দায়িত্ব পালন করছিলেন এবং একই সঙ্গে আর্মড পুলিশ ব্যাটালিয়নের (এপিবিএন) প্রধানের দায়িত্বে ছিলেন।

মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জারি করা এক প্রজ্ঞাপনে তার নিয়োগের বিষয়টি জানানো হয়।

মো. আলী হোসেন ফকির বিসিএস (পুলিশ) ক্যাডারের ১৫তম ব্যাচের কর্মকর্তা। তার বাড়ি বাগেরহাট জেলায়। তিনি বিদায়ী আইজিপি বাহারুল আলমের স্থলাভিষিক্ত হলেন।

LENS ASIA